# কিরাতার্জুনীয়ম্

(প্রথমঃ সর্গঃ)

Scanned with CamScanner

## ১ নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। কিরাতার্জুনীয়মের বিখ্যাত টীকাকারের নাম লেখ।**
উত্তর। কিরাতার্জুনীয়মের বিখ্যাত টীকাকারের নাম মল্লিনাথ।
**২। ধনঞ্জয় বলতে কাকে বোঝানো হয়েছে?**
উত্তর। ধনঞ্জয় বলতে অর্জুনকে বোঝানো হয়েছে।
**৩। কিরাতার্জুনীয়মের প্রতিটি সর্গের শেষে কোন্ শব্দটি ব্যবহৃত হয়েছে?**
উত্তর। কিরাতার্জুনীয়মের প্রতিটি সর্গের শেষে 'লক্ষ্মী' শব্দটি ব্যবহৃত হয়েছে।
**৪। জগতে কী ধরনের বাক্য দুর্লভ?**
উত্তর। জগতে হিতকর অথচ মনোহর বাক্য দুর্লভ।
**৫। কিরাতার্জুনীয়মের প্রথম সর্গে 'অজির' শব্দের অর্থ কী?**
উত্তর। কিরাতার্জুনীয়মের প্রথম সর্গে 'অজির' শব্দের অর্থ প্রাঙ্গণ।
**৬। তোমার পাঠ্যাংশে কাকে 'বৃকোদর' বলা হয়েছে?**
উত্তর। আমাদের পাঠ্যাংশে ভীমকে বৃকোদর বলা হয়েছে।
**৭। কিরাতার্জুনীয়ম্-এর একটি বিখ্যাত টীকার নাম লেখ।**
উত্তর। কিরাতার্জুনীয়ম্-এর একটি বিখ্যাত টীকার নাম ঘণ্টাপথ।
**৮। কাদের চারচক্ষু বলা হয়?**
উত্তর। রাজাদের চারচক্ষু বলা হয়।
**৯। যুধিষ্ঠিরের কাছে দ্বৈতবনে কে এসেছিলেন?**
উত্তর। যুধিষ্ঠিরের কাছে দ্বৈতবনে 'বনেচর' এসেছিলেন।
**১০। অর্জুন কোন্ দেশ জয় করেছিলেন?**
উত্তর। অর্জুন উত্তরকুরু দেশ জয় করেছিলেন।
**১১। 'তথাপি জিহ্মঃ স ভবজ্জিগীষয়া'—এই পঙ্‌ক্তিতে জিহ্ম শব্দের অর্থ কী?**
উত্তর। 'তথাপি জিহ্মঃ স ভবজ্জিগীষয়া'—এই পঙ্‌ক্তিতে জিহ্ম শব্দের অর্থ কুটিল।
**১২। দ্রৌপদীর পিতা কে?**
উত্তর। দ্রৌপদীর পিতা পাঞ্চালরাজ দ্রুপদ।
**১৩। 'বিচিত্ররূপাঃ খলু চিত্তবৃত্তয়ঃ'—কে একথা বলেছিলেন?**
উত্তর। 'বিচিত্ররূপাঃ খলু চিত্তবৃত্তয়ঃ'—দ্রৌপদী একথা বলেছিলেন।
**১৪। রাজাদের চক্ষুস্বরূপ কাদের বলা হয়েছে?**
উত্তর। রাজাদের চক্ষুস্বরূপ গুপ্তচরদের বলা হয়েছে।
**১৫। দুর্যোধন কাকে যুবরাজ পদে অভিষিক্ত করেন?**
উত্তর। দুর্যোধন দুঃশাসনকে যুবরাজ পদে অভিষিক্ত করেন।

Scanned with CamScanner

**১৬। 'বনেচর' যুধিষ্ঠিরের সাথে কোথায় দেখা করেন।**
উত্তর। 'বনেচর' যুধিষ্ঠিরের সাথে দ্বৈতবনে দেখা করেন।
**১৭। মন্যু শব্দে কী বোঝ?**
উত্তর। মন্যু শব্দে ক্রোধ বোঝায়।
**১৮। 'সুযোধনঃ' কে?**
উত্তর। 'সুযোধনঃ' হলেন দুর্যোধন।
**১৯। পর্বতসম্ভূত গজরাজের সঙ্গে কাকে তুলনা করা হয়েছে?**
উত্তর। পর্বতসম্ভূত গজরাজের সঙ্গে যমজ ভাই নকুল ও সহদেবকে তুলনা করা হয়েছে।
**২০। কিরাতার্জুনীয়ম্-এর রচয়িতা কে?**
উত্তর। কিরাতার্জুনীয়ম্-এর রচয়িতা হলেন মহাকবি ভারবি।
**২১। ভারবির কাব্যের প্রসিদ্ধ বৈশিষ্ট্য কী?**
উত্তর। ভারবির কাব্যের প্রসিদ্ধ বৈশিষ্ট্য অর্থগৌরব।
**২২। সুযোধনঃ পদটির অন্তর্নিহিত অর্থ লেখ।**
উত্তর। সুযোধনঃ পদটির অন্তর্নিহিত অর্থ যিনি সুন্দরভাবে যুদ্ধ করেন।
**২৩। ত্রিগণঃ কী?**
উত্তর। ত্রিগণ হল—ধর্ম, অর্থ ও কাম।
**২৪। 'কিংসখা' অর্থ লেখ।**
উত্তর। কিংসখা মানে কুৎসিত বন্ধু, এখানে দুর্মন্ত্রী।
**২৫। 'চারচক্ষুষঃ' শব্দটির অর্থ লেখ।**
উত্তর। 'চারচক্ষুষঃ' শব্দটির অর্থ গুপ্তচরেরা যাঁদের চক্ষুস্বরূপ তাঁরা অর্থাৎ রাজারা।
**২৬। 'অদেবমাতৃকাঃ' বলতে কী বোঝ?**
উত্তর। 'অদেবমাতৃকাঃ' বলতে বুঝি যে দেশ মেঘমাতৃক নয় অর্থাৎ বৃষ্টিনির্ভর নয়, সেচনির্ভর তথা নদীমাতৃক।
**২৭। 'বর্ণিলিঙ্গী' শব্দের অর্থ লেখ।**
উত্তর। শব্দটির অর্থ—ব্রহ্মচারীর ছদ্মবেশধারী।
**২৮। কিরাতার্জুনীয়ম্ মহাকাব্যে কতগুলি সর্গ আছে?**
উত্তর। কিরাতার্জুনীয়ম্ মহাকাব্যে ১৮টি সর্গ আছে।
**২৯। 'সাম' শব্দের অর্থ কী?**
উত্তর। 'সাম' শব্দের অর্থ মিষ্ট আচরণরূপ রাজনৈতিক উপায়।
**৩০। কারা প্রিয় মিথ্যা কথা বলতে চান না?**
উত্তর। হিতৈষী ব্যক্তিরা প্রিয় মিথ্যা কথা বলতে চান না।
**৩১। 'অধিকুর্বতে' পদের ব্যুৎপত্তি লেখ।**
উত্তর। অধি-√কৃ + লট্ অন্তে।
**৩২। 'অরিষড়্বর্গ' বলতে কী বোঝ?**
উত্তর। 'অরিষড়্বর্গ' বলতে কামক্রোধাদি অন্তরের ষড়রিপুকে বুঝি।
**৩৩। কাদের কাছে পরাভব উৎসব তুল্য?**
উত্তর। শত্রু কর্তৃক যাঁদের শক্তিসম্পদ নষ্ট হয়নি এমন মানীব্যক্তিদের কাছে পরাভব উৎসব তুল্য।

Scanned with CamScanner

৩৪। 'নয়বর্ত্ম' কী?
উত্তর। যান, আসন, দ্বৈধীভাব, সংশ্রয়, সন্ধি ও বিগ্রহ-এদের সুষ্ঠু প্রয়োগ পদ্ধতি।
৩৫। 'ক্ষেম' শব্দের অর্থ লেখ।
উত্তর। 'ক্ষেম' শব্দের অর্থ 'মঙ্গল' বা লব্ধ বস্তুর রক্ষণ।
৩৬। 'জিহ্ম' কে?
উত্তর। 'জিহ্ম' হলেন এখানে কুটিল দুর্যোধন।
৩৭। কারা শান্তির দ্বারা সিদ্ধিলাভ করেন?
উত্তর। নিস্পৃহ মুনিরা শান্তির দ্বারা সিদ্ধিলাভ করেন।
৩৮। 'অনুজীবিভিঃ' পদের অর্থ লেখ।
উত্তর। পদটির অর্থ কর্মচারিগণ কর্তৃক।
৩৯। 'স্রগিবাপবর্জিতা' পদের সন্ধিবিচ্ছেদ কর।
উত্তর। স্রক্ + ইব + অপবর্জিতা।
৪০। 'উদাজহার' বা 'আচচক্ষে' পদের ব্যুৎপত্তি লেখ।
উত্তর। উদাজহার—উৎ + আ-√হৃ + লিট্ ণল্। আচচক্ষে—আ-√চক্ষ্ + লিট্ এ।
৪১। 'বৃকোদর' কে?
উত্তর। বৃকোদর হলেন মধ্যম পাণ্ডব ভীম।
৪২। 'বর্ণিলিঙ্গী' পদের দ্বারা কাকে বোঝানো হয়েছে?
উত্তর। 'বর্ণিলিঙ্গী' পদের দ্বারা বনেচরকে বোঝানো হয়েছে।
৪৩। কিরাতার্জুনীয় কাব্যের উৎস কী?
উত্তর। মহাকাব্যটির উৎস মহাভারতের বনপর্ব।
৪৪। মঙ্গলেচ্ছু ব্যক্তি দুর্জনসংসর্গের চেয়ে কি শ্রেয়ঃ মনে করেন?
উত্তর। মঙ্গলেচ্ছু ব্যক্তি দুর্জনসংসর্গের চেয়ে মহাত্মাদের সঙ্গে বিরোধও শ্রেয়ঃ মনে করেন।
৪৫। দুর্যোধনের কোন্‌টি দানশূন্য ছিল না?
উত্তর। দুর্যোধনের সামনীতি দানশূন্য ছিল না।
৪৬। কিসের পরিণাম অতি ভয়ঙ্কর?
উত্তর। বলবানের সঙ্গে বিরোধের পরিণাম অতি ভয়ঙ্কর।
৪৭। আখণ্ডলসূনু কে?
উত্তর। আখণ্ডলসূনু হলেন ইন্দ্রপুত্র অর্জুন অথবা ইন্দ্রানুজ বিষ্ণু।
৪৮। চরেরা কী সংগ্রহ করে, তার সার কী?
উত্তর। চরেরা অপরের কথা সংগ্রহ করে, তার সার হল সংবাদ।
৪৯। কারা পরাজয় বরণ করে?
উত্তর। মূঢ়মতি ব্যক্তিরা পরাজয় বরণ করে।
৫০। লোকে কার বশ্যতা স্বীকার করে?
উত্তর। যাঁর ক্রোধ নিষ্ফল হয় না, লোকে তাঁর বশ্যতা স্বীকার করে।
৫১। মিত্র বা শত্রু হলেও লোকে কাকে আদর বা ভয় করে না?
উত্তর। মিত্র বা শত্রু হলেও ক্রোধশূন্য ব্যক্তিকে লোকে আদর বা ভয় করে না।
৫২। 'বিচিত্ররূপাঃ' কী?
উত্তর। মানুষের চিত্তবৃত্তিসমূহ হল 'বিচিত্ররূপাঃ'।



Scanned with CamScanner

**৫৩। দ্রৌপদীর মনকে কে ভেঙ্গে দিচ্ছিল?**

**উত্তর।** দুঃসহ মনঃপীড়া দ্রৌপদীর মনকে ভেঙ্গে দিচ্ছিল।

**৫৪। কারা শত্রুদের বিষয়ে ছলের দ্বারা সন্ধিভঙ্গ করেন?**

**উত্তর।** বিজয়াভিলাষী রাজারা ছলের দ্বারা সন্ধিভঙ্গ করেন।

## ২ নম্বরের প্রশ্ন ও উত্তর

**১। ত্রিগণ কী? দুর্যোধনের কাছে তারা কীভাবে ফল প্রসব করে?**

**উত্তর।** ত্রিগণ হল ধর্ম, অর্থ ও কাম—এই তিনটি পুরুষার্থের বর্গ বা গোষ্ঠী। দুর্যোধন যথাযথভাবে ভাগ করে নিরাসক্ত হয়ে এদের সেবা করায় এরা পরস্পরকে বাধা না দিয়ে ফল প্রসব করে।

**২। 'দুরন্তা বলবদ্‌বিরোধিতা'—সংক্ষেপে তাৎপর্য বিশ্লেষণ কর।**

**উত্তর।** বলবানের সঙ্গে বিরোধ করলে সর্বদাই তাঁর কাছ থেকে বিপদ ও অনিষ্টের আশঙ্কায় শঙ্কিত থাকতে হয়, কখনো মনে স্বস্তি বা শান্তি থাকে না। ফলে এরূপ বিরোধের পরিণতি হয় দুঃখময়।

**৩। 'অরিষড়্‌বর্গ' শব্দের অর্থ কী?**

**উত্তর।** অরিষড়্‌বর্গ হল—কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য—অন্তরের এই ছয় রিপুর দল।

**৪। বনেচর কেন এবং কি ছদ্মবেশে দুর্যোধনের রাজ্যে প্রবেশ করেছিলেন?**

**উত্তর।** দুর্যোধনের রাজশক্তি প্রতিষ্ঠার মূলস্বরূপ প্রজাদের প্রতি তাঁর আচরণ অর্থাৎ শাসনপদ্ধতি জানতে বনবাসী রাজা যুধিষ্ঠিরের নির্দেশে ব্রহ্মচারীর ছদ্মবেশে বনেচর দুর্যোধনের রাজ্যে প্রবেশ করেন।

**৫। কাদের কাছে পরাভবও উৎসব বলে মনে হয়? এর কারণ কী?**

**উত্তর।** শত্রু কর্তৃক যাঁদের শক্তিসম্পদ বিনষ্ট হয় না সেই মানী ব্যক্তিদের কাছে পরাভব বা দুঃখবরণও উৎসব বলে মনে হয়। কারণ তাতে তাঁদের প্রধান কাম্য সম্পদ সম্মানের কোন হানি ঘটে না, বরং তা বৃদ্ধি পায়।

**৬। কিংসখা ও কিম্প্রভু শব্দ দুটির অর্থ লেখ।**

**উত্তর।** 'কিংসখা' মানে কুৎসিত বন্ধু বা দুর্মন্ত্রী, যিনি হিতকর পরামর্শ দেন না। 'কিম্প্রভু' মানে কুৎসিত প্রভু বা রাজা, যিনি হিতকামী ব্যক্তিদের বা মন্ত্রিদের সুপরামর্শে কান দেন না।

**৭। নকুল ও সহদেবের দুর্দশা বর্ণনা কর।**

**উত্তর।** মাতৃপিতৃহারা আদরের কনিষ্ঠ পাণ্ডব যমজ ভ্রাতা নকুল ও সহদেব কোমল দেহে বনপ্রান্তে শয়ন করতে বাধ্য হওয়ায় তাদের শরীর হয়েছে কঠিন, কর্কশ ও সর্বত্র অবিন্যস্ত রুক্ষ কেশে আবৃত। তাদের পর্বতজাত গজের মত দেখাচ্ছে।

**৮। দ্রৌপদী কেন সন্ধিভঙ্গ করতে বলেছেন?**

**উত্তর।** বিজয়াভিলাষী পরাক্রমশালী রাজারা ছল করে সন্ধিভঙ্গ করে থাকেন। যুধিষ্ঠির যথেষ্ট পরাক্রমশালী। তাই দুর্যোধন অতিরিক্ত শক্তিশালী হয়ে উঠবার পূর্বেই তাকে বিনষ্ট করবার জন্য দ্রৌপদী যুধিষ্ঠিরকে সন্ধিভঙ্গ করতে বলেছেন।

**৯। 'তয়াত্মহস্তেন মহী মদচ্যুতা'—বক্তা ও শ্রোতার নাম লেখ। উক্তিটি কি যুক্তিযুক্ত?**

**উত্তর।** কথাটির বক্তা দ্রৌপদী এবং শ্রোতা বনবাসী যুধিষ্ঠির। যুধিষ্ঠির পাশা খেলায় রাজ্য বাজি ধরে হেরে যান বলেই দুর্যোধনকে রাজ্য দিতে বাধ্য হন। তাই কথাটি যুক্তিযুক্ত।

Scanned with CamScanner

**১০। 'নিহন্তি দণ্ডেন ধর্মবিপ্লবম্'—কে কাকে এই কথা বলেন? ধর্মবিপ্লব কী?**

**উত্তর।** বনেচর যুধিষ্ঠিরকে এই কথা বলেন। ধর্মবিপ্লব মানে সামাজিক বিশৃঙ্খলা।

**১১। 'কিরাতার্জুনীয়ম্' পদটির ব্যাকরণগত গঠন উল্লেখ কর।**

**উত্তর।** কিরাতশ্চ অর্জুনশ্চ (দ্বন্দ্বসমাস) = কিরাতার্জুনৌ। তৌ অধিকৃত্য কৃতং কাব্যম্—এই অর্থে কিরাতার্জুন + ছ + ক্লীবলিঙ্গ প্রথমা একবচন = কিরাতার্জুনীয়ম্।

**১২। ভীমের দুর্দশা বর্ণনা কর।**

**উত্তর।** ভীম পূর্বে শরীরে রক্তচন্দনলেপনে এবং বিশাল রথে চড়ে বিচরণে অভ্যস্ত ছিলেন। কিন্তু এখন তিনি ধূলিরঞ্জিত দেহে পার্বত্যপ্রদেশে পদব্রজে বিচরণ করতে বাধ্য হচ্ছেন।

**১৩। অর্জুনের দুর্দশা বর্ণনা কর।**

**উত্তর।** মহাবীর অর্জুন পূর্বে দুর্জয় উত্তর কুরুদেশ জয় করে যুধিষ্ঠিরকে স্বর্ণরৌপ্যাদি অজস্র মূল্যবান ধনসম্পদ এনে দিয়েছিলেন। অথচ এখন বনবাসে সেই ধনঞ্জয় যুধিষ্ঠিরের জন্য বল্কলবসন আহরণে বাধ্য হচ্ছেন।

**১৪। বনেচরের বাক্যের বৈশিষ্ট্য কী?**

**উত্তর।** বনেচরের কথাগুলি ছিল অপ্রিয় সত্য। তাঁর বাক্যগুলি ছিল সৌষ্ঠব ও ঔদার্যে বিশিষ্ট এবং প্রমাণের দ্বারা নিশ্চিত অর্থের প্রকাশক।

**১৫। দ্রৌপদীর বাক্যের বৈশিষ্ট্য কী?**

**উত্তর।** দ্রৌপদীর বাক্যগুলি ছিল যুধিষ্ঠিরের ক্রোধ ও উৎসাহের উদ্দীপক।

**১৬। 'অতোঽর্হসি ক্ষন্তুমসাধু সাধু বা'—কে কাকে কেন একথা বলেছেন?**

**উত্তর।** যুধিষ্ঠির কর্তৃক চররূপে নিযুক্ত এক বনেচর যুধিষ্ঠিরকে একথা বলেছেন। কর্মে নিযুক্ত ব্যক্তির রাজাকে প্রতারণা করা উচিত নয় বলে অপ্রিয় সত্য সংবাদ নিবেদনের জন্য পূর্বেই ক্ষমা প্রার্থনা করতে এই কথা বলা হয়েছে।

**১৭। 'ক্ব ভূপতীনাং চরিতং ক্ব জন্তবঃ'—বক্তা কে? দুটি 'ক্ব'-শব্দ ব্যবহারের তাৎপর্য কী?**

**উত্তর।** যুধিষ্ঠির কর্তৃক চররূপে নিযুক্ত এক বনেচর এই অংশটির বক্তা। তাঁর মত অল্পবুদ্ধি সম্পন্ন ব্যক্তির পক্ষে দুর্জ্ঞেয় রাজচরিত্র উপলব্ধি করা অসম্ভব। দুয়ের মধ্যে দুস্তর ব্যবধান বোঝানই দুবার 'ক্ব'-শব্দ ব্যবহারের তাৎপর্য।

**১৮। ভারবির রচনার বৈশিষ্ট্য কী?**

**উত্তর।** ভারবির রচনা অর্থগৌরবপূর্ণ বলে বলা হয়—'ভারবেরর্থগৌরবম্।' মল্লিনাথ তাঁর রচনাকে নারিকেল ফলের সাথে তুলনা করে বলেছেন—'নারিকেলফলসম্মিতং বচো ভারবেঃ'।

**১৯। 'জটাধরঃ সঞ্জুহুধীহ পাবকম্'—কে কাকে বলেছেন। তাৎপর্য কী?**

**উত্তর।** কথাটি দ্রৌপদী বনবাসী যুধিষ্ঠিরকে বলেছেন। শত্রু দুর্যোধনকৃত অপকারেও অবিচলিত থেকে মুনির মত ক্ষমাকেই পরম ধর্ম মনে করলে যুধিষ্ঠিরের উচিত রাজচিহ্ন ধনুক পরিত্যাগ করে মুনির মত জটাধারণ করে যাগযজ্ঞে নিরত থাকা—এই হল তাৎপর্য।

**২০। 'ন বিব্যথে তস্য মনঃ'—কার মন? কেন ব্যথিত হয়নি?**

**উত্তর।** এখানে বনবাসী যুধিষ্ঠির কর্তৃক চররূপে নিযুক্ত বনেচরের মনের কথা বলা হয়েছে। কর্মচারিদের উচিত নয় চারচক্ষু রাজাদের প্রতারণা করা। তাই অপ্রিয় সংবাদ জানাতে তাঁর সুশিক্ষিত মন ব্যথিত হয়নি।

**২১। 'দুরোদরচ্ছদ্মজিতাং'—বাক্যাংশটির অর্থ কী?**

**উত্তর।** 'দুরোদর' মানে পাশা এবং ছদ্ম মানে কপট। সুতরাং বাক্যাংশটির অর্থ কপট পাশা খেলায় বিজিত অথবা পাশাখেলার ছলে বিজিত [ পৃথিবী বা রাজ্য ]।

Scanned with CamScanner

২২। [illegible]

উত্তর: [illegible]

২৩। [illegible]

উত্তর: [illegible]

২৪। দুর্যোধনের অনুচর বা উপদেষ্টা কেমন?

উত্তর: [illegible]

২৫। যুধিষ্ঠিরের নামে শুনলে দুর্যোধনের কী প্রতিক্রিয়া হয়?

উত্তর: [illegible]

২৬। [illegible]—এই বক্তব্যের তাৎপর্য উল্লেখ কর।

উত্তর: [illegible]

২৭। প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর—[illegible]

উত্তর: [illegible]

২৮। [illegible]

উত্তর: [illegible]

২৯। বনেচরের উক্তির শেষে যুধিষ্ঠির কী করলেন?

উত্তর: [illegible]

৩০। [illegible]

উত্তর: [illegible]

৩১। দুর্যোধনের দণ্ডনীতি সংক্ষেপে আলোচনা কর।

উত্তর: [illegible]

৩২। কিরাতার্জুনীয়ম্ কাব্যে কটি সর্গ আছে? এই মহাকাব্যের নায়ক কে?

উত্তর: কিরাতার্জুনীয়ম্ মহাকাব্যে ১৮টি সর্গ আছে। এই মহাকাব্যের নায়ক [illegible]

**৩৩। প্রভুকার্যে নিযুক্ত ভৃত্যের কর্তব্য কী?**

**উত্তর।** প্রভুকার্যে নিযুক্ত ভৃত্যের কর্তব্য প্রভুকে বঞ্চনা না করা, প্রভুর অপ্রিয় হলেও তাঁকে সংবাদ জানানো।

**৩৪। 'বিতন্বতি ক্ষেমমদেবমাতৃকাঃ'—'ক্ষেম'শব্দের অর্থ কি? 'অদেবমাতৃকাঃ' বলতে কোন্ দেশসমূহকে বোঝায়?**

**উত্তর।** 'ক্ষেম'-শব্দের অর্থ 'কল্যাণ'। 'অদেবমাতৃকাঃ' বলতে বৃষ্টির উপর অনির্ভরশীল নদীসেবিত দেশসমূহকে বোঝায়। পাঠ্যাংশে দুর্যোধনশাসিত কুরুরাজ্যকে বোঝানো হয়েছে।

**৩৫। 'পরৈতি কার্শ্যং যশসা সমং বপুঃ'—বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে? কার শরীর কৃশতাপ্রাপ্ত হয়েছে কেন?**

**উত্তর।** উদ্ধৃতিটির বক্তা দ্রৌপদী। যুধিষ্ঠিরকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে। কেবলমাত্র বন্য ফল আহার করায় তাঁর শরীর কৃশতাপ্রাপ্ত হয়েছে।

**৩৬। 'বিচিত্ররূপাঃ খলু চিত্তবৃত্তয়ঃ'—উক্তিটির তাৎপর্য লেখ।**

**উত্তর।** বিভিন্ন মানুষের চিত্তবৃত্তি বিভিন্ন। যুধিষ্ঠিরের দুর্যোধনকৃত ভয়ঙ্কর বিপদের কথা চিন্তা করে দ্রৌপদীর চিত্ত অত্যন্ত পীড়িত হচ্ছে অথচ যুধিষ্ঠিরের চিত্ত শান্ত সংযত রয়েছে।

**৩৭। 'অর্জুনের' নাম শুনলে দুর্যোধনের কি প্রতিক্রিয়া হয়?**

**উত্তর।** লোকের কথা প্রসঙ্গে যুধিষ্ঠিরের নাম শুনলে অর্জুনের পরাক্রমের কথা স্মরণ করে (বিষবৈদ্যগণের মন্ত্রে গরুড়ের নাম শুনে তাঁর পাদবিক্ষেপের স্মরণে অবনতফণা সর্পের ন্যায় ব্যথায় ও ভয়ে) দুর্যোধন মুখ নত করে কষ্ট ভোগ করেন।

**৩৮। 'মতঙ্গজেন স্রগিবাপবর্জিতা'—'স্রগিব' শব্দের অর্থ কি? মাতঙ্গের সাথে কার তুলনা করা হয়েছে এবং কেন?**

**উত্তর।** 'স্রগিব' শব্দের অর্থ—'মালার মত'। মাতঙ্গের সাথে এখানে যুধিষ্ঠিরের তুলনা করা হয়েছে। কারণ, মত্ত মাতঙ্গের মাথায় মালা দিলে সে যেমন নিজের শুঁড় দিয়ে তা ফেলে দেয়, যুধিষ্ঠিরও তেমনি তাঁকে দেওয়া রাজ্য [ পাশার জুয়ায় বাজি ধরে হেরে গিয়ে ] নিজের হাতে পরিত্যাগ করেছেন।

**৩৯। প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর ঃ—'বিব্যথে' এবং 'আচচক্ষে'।**

**উত্তর।** বিব্যথে—√ ব্যথ্ + লিট্ এ। আচচক্ষে—আ-√ চক্ষ্ + লিট্ এ।

**৪০। তোমার পাঠ্যাংশে দ্রৌপদীবর্ণিত ক্রোধের উপযোগিতা কি?**

**উত্তর।** আমাদের পাঠ্যাংশে দ্রৌপদীবর্ণিত ক্রোধের উপযোগিতা হল দুর্যোধনের বিরুদ্ধে যুদ্ধের জন্য যুধিষ্ঠিরের ক্রোধ ও উদ্যম উদ্দীপিত করা।

**৪১। বনেচরের উক্তির শেষে যুধিষ্ঠির কী করলেন?**

**উত্তর।** বনেচরের উক্তির শেষে যুধিষ্ঠির বনেচরকে পারিতোষিক দিয়ে বিদায় করে দ্রৌপদীর গৃহে প্রবেশ করে ভ্রাতাদের নিকট তার বক্তব্য বললেন।

**৪২। 'কিরাতার্জুনীয়ম্'-এর প্রথম সর্গে দ্রৌপদী ক্রোধের উপযোগিতা সম্পর্কে কী মন্তব্য করেছিলেন?**

**উত্তর।** 'কিরাতার্জুনীয়ম্' এর প্রথম সর্গে দ্রৌপদী মন্তব্য করেন যে, যাঁর ক্রোধ নিষ্ফল হয় না, যিনি সকল বিপদ বিনাশ করেন, লোকে আপনা থেকেই তাঁর বশীভূত হয়ে থাকে; কিন্তু ক্রোধশূন্য ব্যক্তি মিত্র হলেও লোকে তাকে আদর করে না, আবার শত্রু হলেও কেউ তাকে ভয় করে না।